

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬০৮২

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - উসমান (রাঃ)-এর মর্যাদা ও বৈশিষ্ট্য

اَلْفَصْلُ التَّالِثُ (بَابِ مَنَاقِبِ عُثْمَانِ)

আরবী

وَعَن أَبِي حبيبةَ أَنَّهُ دَخَلَ الدَّارَ وَعُثْمَانُ مَحْصُورٌ فِيهَا وَأَنَّهُ سَمِعَ أَبَا هُرَيْرَةَ يَسْتَأْذِنَ عُثْمَانَ فِي الْكَلَامِ فَأَذِنَ لَهُ فَقَامَ فَحَمِدَ اللَّهَ وَأَثْنَى عَلَيْهِ ثُمَّ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى عُثْمَانَ فِي الْكَلَامِ فَأَذِنَ لَهُ فَقَامَ فَحَمِدَ اللَّهَ وَأَثْنَى عَلَيْهِ ثُمَّ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: إِنَّكُمْ سَتَلْقَوْنَ بَعْدِي فِتْنَةً وَاخْتِلَافًا _ أَوْ قَالَ: اخْتِلَافًا وَفِتْنَةً _ لللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: إِنَّكُمْ سَتَلْقَوْنَ بَعْدِي فِتْنَةً وَاخْتِلَافًا _ أَوْ قَالَ: «عَلَيْكُمْ بِالْأَمِيرِ فَقَالَ لَهُ قَائِلٌ مِنَ النَّاسِ: فَمَنْ لَنَا يَا رَسُولَ اللَّهِ؟ أَوْ مَا تَأْمُرُنَا بِهِ؟ قَالَ: «عَلَيْكُمْ بِالْأَمِيرِ وَأَصْحَابِهِ» وَهُوَ يُشِيرُ إِلَى عُتْمَانَ بِذَلِكَ. رَوَاهُمَا الْبَيْهَقِيّ فِي «دَلَائِل النبوَّة»

اسناده حسن ، رواه البيهقي في دلائل النبوة (6 / 393) [و احمد (2 / 344 - 345 ح اسناده حسن ، رواه البيهقي في دلائل النبوة (6 / 393)] ـ

(صَحِيح)

বাংলা

৬০৮২-[১৪] আবূ হাবীবাহ্ (রাঃ) হতে বর্ণিত আছে যে, একদিন তিনি 'উসমান (রাঃ)-এর গৃহে প্রবেশ করলেন। এ সময় উসমান (রাঃ) তথায় গৃহবন্দি ছিলেন। তখন তিনি (আবূ হাবীবাহ্) শুনতে পেলেন, আবূ হুরায়রাহ্ (রাঃ) কিছু কথা বলার জন্য 'উসমান (রাঃ)-এর কাছে আসার সম্মতি চাইছেন। অতএব তিনি তাঁকে অনুমতি দিলেন। তখন আবূ হুরায়রাহ্ (রাঃ) উঠে দাঁড়ালেন এবং প্রথমে আল্লাহর হামদ ও সানা পাঠ করলেন। অতঃপর বললেন, আমি রাসূলুল্লাহ (সা.) -কে বলতে শুনেছি, তিনি বলেছেন, নিশ্চয় তোমরা শীঘ্রই আমার মৃত্যুর পরে বিরাট ফিতনাহ্ ও মতানৈক্যে পতিত হবে। অথবা বলেছেন, ভয়ানক মতানৈক্য ও বিপর্যয়ে লিপ্ত হয়ে পড়বে। তখন উপস্থিত লোকেদের মধ্য হতে জনৈক লোক বলল, হে আল্লাহর রাসূল! তখন আমরা কি করব? অথবা বলল, তখন আমাদেরকে কি করতে আদেশ করেন? উত্তরে তিনি (সা.) বললেন, তখন তোমরা আমীর ও তাঁর সাথিদের আনুগত্য দৃঢ়ভাবে করতে থাকবে। 'আমীর' শব্দটি বলবার সময় তিনি (সা.) উসমান (রাঃ)-এর প্রতি ইঙ্গিত করলেন। উপরিউক্ত হাদীস দৃ'টি ইমাম বায়হাক্লী (রহিমাহুল্লাহ্) দালায়িলুন নুবুওয়াহ্ গ্রন্থে বর্ণনা করেছেন।



ফুটনোট

আলবানী (রহিমাহুল্লাহ) বলেন: আমি এর সনদ এখনো পাইনি, হিদায়াতু রুওয়াত ৫/৪১৯; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ ৩২০৪৯, আল মু'জামুল আওসাত্ব ৯৪৫৭।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন